


কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
উপমহাপরিদর্শকের কার্যালয়  
১৫০, খানজাহান আলী রোড, পশ্চিম রুপসা, খুলনা সদর, খুলনা  
[www.dife.gov.bd](http://www.dife.gov.bd)

স্মারকনং- ৪০.০১.৪৭০০.১০৩.৯৯.০২৩.১৯.৫৮৪ ০৬৬

তারিখ: ১২/১১/২০২৩ খ্রি:

বিষয়ঃ পেশাগত দুর্ঘটনা হ্রাসকল্পে সভা আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পেশাগত দুর্ঘটনা হ্রাসকল্পে উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা কর্তৃক আগামী ১৬/১১/২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় আপনার কারখানায় জুট টেক্সটাইল মিলস্ লিঃ, দেয়াড়া, দিঘলিয়া, খুলনা-৯ এর মিলনায়তনে একটি আলোচনা সভা করা হবে। উক্ত সভায় আপনার কারখানার ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং বিভিন্ন ডিপার্টমেন্টের শ্রমিকদের উপস্থিত রাখার জন্য অনুরোধ করা হলো।

  
মো: শাহিনুর রহমান

সহকারী মহাপরিদর্শক ( সাধারণ )

ব্যবস্থাপনা পরিচালক/ম্যানেজার/ভারপ্রাপ্ত ব্যক্তি

ফোনঃ ০২৪৭৭৭ ২৭৫২৬

জুট টেক্সটাইল মিলস্  
লিঃ, দেয়াড়া, দিঘলিয়া, খুলনা।

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে)

- ১। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী, বিজয় নগর, ঢাকা।
- ২। উপ মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, খুলনা।
- ৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
উপমহাপরিদর্শকের কার্যালয়  
১৫০, খানজাহান আলী রোড, পশ্চিম রুপসা, খুলনা সদর, খুলনা  
[www.dife.gov.bd](http://www.dife.gov.bd)

স্মারকনং- ৪০.০১.৪৭০০.১০৩.৯৯.০২৩.১৯.৬৪৭

তারিখ: ১৬/১১/২০২৩ খ্রি:

বিষয়ঃ পেশাগত দুর্ঘটনা হাসকল্লে আয়োজিত সভার কার্যবিবরণী।

সভাপতি: জাহাজীর আলম, উপমহাপরিদর্শক, খুলনা।

তারিখ: ১৬-১১-২০২৩ ইং

সময়: সকাল ১১.০০ ঘটিকা।


স্থান: জুট টেক্সটাইল মিলস্ লিঃ, দেয়াড়া, দিঘলিয়া, খুলনা।

উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান এবং সভার কার্যক্রম শুরু করেন। জনাব রাবেয়া ইয়াসমিন, শ্রম পরিদর্শক (সাধারণ) এসডিজি বিষয়ক সভার সামগ্রিক আলোচনা তুলে ধরেন। অদ্যকার সভায় নিম্নবর্ণিত আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয়।

ক্রমিক কনং	আলোচনারবি ষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারি	মন্তব্য
১	পিপিই ব্যবহার	সভাপতি সকল শ্রমিকদের নিয়মিত পিপিই ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন যে, ফ্লাওয়ার মিলের বাতাসে প্রচুর ধূলিকণা থাকে। সে কারণে শ্রমিকদের যথাযথভাবে পিপিই ব্যবহার করা অত্যন্ত জরুরী। কারখানা কর্তৃপক্ষ বিষয়টি স্বীকার করেন। কারখানা কর্তৃপক্ষ বলেন যে, শ্রমিকগণ নিয়মিতভাবে মাস্ক ব্যবহার করতে চান না। সভাপতি বলেন পিপিই প্রদান এবং তার ব্যবহার নিশ্চিত করা কারখানার মালিক কর্তৃপক্ষের। সুতারাং পিপিই ব্যবহার ব্যতীত তাদের কাজ করানো যাবে না।	শ্রমিকদের পিপিই ব্যবহার নিশ্চিতছাড়া কাজ করানো যাবে না।	কারখানা কর্তৃপক্ষ	
২	দুর্ঘটনা রোধ	সভাপতি বলেন যে, ছোট বড় যেকোন প্রকার দুর্ঘটনা শূন্যের কোটায় আনার লক্ষ্য নিয়ে সকলকে একত্রিত হয়ে কাজ করতে হবে। কারখানার কর্তৃপক্ষ বলেন যে, এ বিষয়ে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নির্দেশনা তারা যথাযথভাবে মেনে চলবেন।	কোথাও কোন ঝুঁকি দেখলে তৎক্ষণাৎ কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করবেন।	কারখানা কর্তৃপক্ষ	
৩	নিয়মিত প্রশিক্ষণ	সভাপতি দুর্ঘটনা হাসকল্লে নিয়মিত সভা আয়োজনের উপর গুরুত্ব আরোপ করেন। এ ব্যাপারে তিনি সকলকে উদ্বুদ্ধকরণ করেন।	দুর্ঘটনা রোধে নিয়মিত প্রশিক্ষণ এবং অগ্নি মহড়া আয়োজন করতে হবে।	কারখানা কর্তৃপক্ষ	

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



জাহাজীর আলম

উপ মহাপরিদর্শক

ফোনঃ ০২৪৭৭৭ ২৭৫২৬

ই-মেইলঃ [dig.khulna@dife.gov.bd](mailto:dig.khulna@dife.gov.bd)

বিতরণ ও অনুলিপিঃ - ৪০.০১.৪৭০০.১০৩.৯৯.০২৩.১৯.৬৪৭

১। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল

ইসলাম স্মরনী, বিজয়নগর, ঢাকা। (সদয় অবগতির জন্য)

২। ব্যবস্থাপনা পরিচালক, জুট টেক্সটাইল মিলস্ লিঃ, দেয়াড়া, দিঘলিয়া, খুলনা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

৩। অফিস কপি।